

# ‘আদিম’ ওটিটি প্লাটফর্মে আলোচনায় ‘লাপাতা লেডিজ’

*প্রতি মাসে নতুন সিনেমা বা ওয়েব সিরিজের জন্য দর্শকের নজর থাকে ওটিটি প্ল্যাটফর্মগুলোতে। মাস জুড়ে দেশ-বিদেশের বিভিন্ন প্ল্যাটফর্মে মুক্তি পায় নানা দেশের, নানা ভাষার কনটেন্ট। ওটিটি প্লাটফর্মে মুক্তি পাওয়া নতুন কিছু কনটেন্ট সম্পর্কে জানাচ্ছেন **সীমান্ত**।*




### আদিম - চরকি

৪৪তম মস্কো আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে প্রতিযোগিতা বিভাগে জায়গা নিয়ে আলোচনায় আসে স্বাধীন চলচ্চিত্র নির্মাতা যুবরাজ শামীম নির্মিত ‘আদিম’ সিনেমা। উৎসবে দুটি পুরস্কার জিতে নিয়ে বেশ সাড়া ফেলে ছবিটি। গেল বছর বড় পর্দায় মুক্তি পেলে দেশের দর্শকের কাছেও প্রশংসা কুড়ায় ছবিটি। এবার আসলো ওটিটি প্লাটফর্মে। ২ মে ওটিটি প্লাটফর্ম ‘চরকি’তে সিনেমাটি স্ট্রিমিং হয়। সম্প্রতি সেরা চলচ্চিত্র ও সেরা নির্মাতা বিভাগে ‘মেরিল প্রথম আলো ২০২৩’ এ চূড়ান্ত মনোনয়ন পেয়েছে আদিম ও নির্মাতা যুবরাজ শামীম।





### লাপাতা লেডিজ - নেটফ্লিক্স

পরিচালক কিরণ রাওয়ের আলোচিত ছবি ‘লাপাতা লেডিস’ অবশেষে মুক্তি পেয়েছে নেটফ্লিক্সে। গত মার্চ মাসের ১ তারিখে প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়া এই ছবিটি ২৬ এপ্রিল ওটিটি প্ল্যাটফর্মে এসেছে। বক্স অফিসে দারুণ সাফল্যের পর নেটফ্লিক্সেও সাড়া ফেলেছে ছবিটি। ট্রেনের মধ্যে পরিবার থেকে দুই কনের আলাদা হয়ে যাওয়া গল্প নিয়ে তৈরি ‘লাপাতা লেডিস’ সিনেমাটি। স্ত্রীদের খুঁজে পেতে পুলিশের কাছে যান দুই স্বামী। প্রথমেই ছবি নিয়ে বিপাকে পড়ে যায় পুলিশও। একজনের ছবিই নেই, অন্যজনের মাথায় লম্বা ঘোমটা। তারপরও দুই নববধূর সন্ধানে নামে পুলিশ। এভাবেই এগিয়েছে ২ ঘণ্টা ৪ মিনিট দৈর্ঘ্যের ‘লাপাতা লেডিস’ সিনেমার গল্প।




### ভূতপরী - আড্ডা টাইমস

সৌকর্য ঘোষাল পরিচালিত ভৌতিক ক্রাইম-থ্রিলার চলচ্চিত্র ‘ভূতপরী’ ২০২৪ সালের ফেব্রুয়ারি মাসে প্রেক্ষাগৃহে মুক্তি পায়। মৃত্যুর ৫০ বছর পর ভূত হয়ে ফিরে আসে এক নারী। এক বালক ছাড়া কেউ তাকে দেখতে পায় না। সেই বালকের সাহায্যে নিজের মৃত্যুর রহস্য উদ্‌ঘাটনে নামে ভূতনারী। জানতে পারে মৃত্যুটা তার স্বাভাবিক ছিল না। এমনই এক গল্পে নির্মিত হয়েছে সিনেমাটি। প্রধান চরিত্রে অভিনয় করেছেন জয়া আহসান, ঋত্বিক চক্রবর্তী, সুদীপ্তা চক্রবর্তী, শান্তিলাল মুখোপাধ্যায় ও বিষান্তক মুখোপাধ্যায়। ১ ঘণ্টা ৫০ মিনিট দৈর্ঘ্যের সিনেমাটি ওটিটি প্লাটফর্ম ‘আড্ডা টাইমস’ এ মুক্তি পায়।





## অ্যাডভোকেট অচিন্ত্য আইচ - হইচই

অচিন্ত্য একজন আইনজীবী। নিজেই বলে বেড়ান, তিনি ভীষণ খারাপ আইনজীবী। কেবল নাকি ছাগল-মুরগির মামলা লড়েন তিনি। হঠাৎ করেই তার হাতে আসে অদ্ভুত এক মামলা। গরু-ছাগল-মুরগি নয়, একজন মানুষের জীবনের মামলা। সেই মামলার সুরাহা করতে গিয়ে ভীষণ বিপদের মুখে পড়েন অচিন্ত্য, জেদ চাপে তার। ঘটনা এগিয়ে যায় আরও গভীরে। এমনই এক গল্পে জয়দীপ মুখোপাধ্যায় নির্মাণ করেছেন 'অ্যাডভোকেট অচিন্ত্য আইচ' সিরিজটি। ৭ পর্বের ওয়েব সিরিজে অভিনয় করেছেন শাশ্বত চট্টোপাধ্যায়, ঋত্বিক চক্রবর্তী, সুরঙ্গনা বন্দ্যোপাধ্যায় সহ অনেকে। কোর্টরুম ড্রামাটি ২৬ এপ্রিল মুক্তি পেয়েছে হইচই প্ল্যাটফর্মে।




## কাম চালু হ্যায় - জি ফাইভ

ভারতে প্রতিবছর অনেক মানুষ মারা যায় সড়ক দুর্ঘটনায়। এই দুর্ঘটনার অন্যতম কারণ রাস্তার খানাখন্দ। এমনই এক সড়ক দুর্ঘটনায় মারা যায় রাজপাল যাদবের একমাত্র মেয়ে। মেয়েকে হারিয়ে পাগলের মতো হয়ে পড়েন তিনি। আর কারও সন্তান যেন ভাঙা রাস্তার কারণে দুর্ঘটনায় মারা না পড়ে, সেই লক্ষ্যে নানা অফিসে দৌড়ঝাঁপ করেন। একসময় বুঝতে পারেন, আমলাতান্ত্রিক জটিলতায় রাস্তা মেরামত নিশ্চিত করা বড় কঠিন। সেই থেকে নিজ উদ্যোগেই কাজ শুরু করেন তিনি। ২০ বছর ধরে নিজেই একের পর এক ভাঙা রাস্তা মেরামত করতে থাকেন। একটি সত্য ঘটনা অবলম্বনে সিনেমাটি নির্মাণ করেছেন পলাশ মুছাল। ১ ঘণ্টা ২০ মিনিট দৈর্ঘ্যের সিনেমাটি ওটিটি প্লাটফর্ম 'জি ফাইভ' এ ১৯ এপ্রিল রিলিজ পায়।




## আর্টিকেল ৩৭০ - জিও সিনেমা

আর্টিকেল ৩৭০ ভারতীয় সংবিধানের একটি বিশেষ অনুচ্ছেদ, যা ২০১৯ সালের ৫ আগস্ট পর্যন্ত কার্যকর ছিল। এই অনুচ্ছেদের বলে জম্মু ও কাশ্মীর রাজ্যকে বিশেষ সাংবিধানিক ক্ষমতা দেওয়া হয়েছিল। ২০১৯ সালে ভারত সরকার ৩৭০ অনুচ্ছেদ উঠিয়ে নিতে চাইলে একটি বিশেষ গোষ্ঠী ভারত সরকারের বিরোধিতা করে এবং সন্ত্রাসবাদ কায়েম করতে চায়। এমন পরিস্থিতিতে সেখানে পাঠানো হয় একটি বিশেষ টিমকে। এই সত্য ঘটনা অবলম্বনে পলিটিক্যাল অ্যাকশন ঘরানার সিনেমাটি নির্মাণ করা হয়েছে। ২ ঘণ্টা ৩৮ মিনিট দৈর্ঘ্যের সিনেমাটি পরিচালনা করেছেন আদিত্য সুহাস জাম্ভলে। ওটিটি প্লাটফর্ম 'জিও সিনেমা'তে এটি রিলিজ পায় ১৯ এপ্রিল।




## ইয়ে মেরি ফ্যামিলি - অ্যামাজন মিনি টিভি

'ইয়ে মেরি ফ্যামিলি' কমেডি ড্রামা ঘরানার ওয়েব সিরিজ। ২০১৮ সালে প্রথম সিজন রিলিজ পায় 'টিভিএফ' এ। সমীর সাক্সেনা এটি পরিচালনা করেন। সিরিজের স্ক্রিপ্ট লিখেছেন সৌরভ খান্না। সিরিজটি ৯০-এর দশকের শেষের দিকে রাজস্থানের জয়পুরে ১২ বছর বয়সী হারশু গুপ্তের জীবনকে অনুসরণ করে নির্মাণ করা হয়েছে। এতে অভিনয় করেছেন মোনা সিং, অকর্শ খুরানা, আহান অনির্বান, রুহি খান, প্রসাদ রেড্ডি। সিরিজটির তৃতীয় সিজন রিলিজ পেয়েছে ৪ এপ্রিল অ্যামাজন মিনি টিভিতে।